# UNIVERSITY OF CALCUTTA

UNIVERSITY OF CALCUTTA • ADVANCEMENT OF LEARNING •

## DHRUBA CHAND HALDER COLLEGE

**SUBJECT- EDUCATION**

**B.A HONOURS**

**PAPER – DSE- B-2**

**TOPIC NAME –** Constrain and Problems to women's education and ways to solve

**SEMESTER- VI (UNDER C.B.C.S)**

**SESSION- 2023-2024**


**SUBMITTED BY**

**NAME :** Chandrima Ganguly.

**CLASS ROLL NO :** 16 77

**C.U REG.NO. :** 532-1211-0622-20

**C.U ROLL NO :** 202532-11-0096


PRINCIPAL
Dhruba Chand Halder College
P.O.- D. Barasat, P.S.- Jaynagar
South 24 Parganas, Pin- 743372

## ভূমিকা (Introduction) :

৮ মার্চ সমগ্রবিশ্ব জুড়ে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়। কাজের সময়সীমা নির্ধারনের দাবিতে এবং অমানবিক কর্মপরিবেশের প্রতিবাদে 1857 খ্রিস্টাব্দে নিউইয়র্কের বস্ত্রশিল্পে নারী শ্রমিকদের আন্দোলনের ইতিহাসকে স্মরন রাখতে 1910 খ্রিস্টাব্দে জার্মান নেত্রী ক্লারা জেটকিন প্রথম এই দিবসটি পালনের আহ্বান জানানোর পর থেকে দেশে দেশে নানা কর্মসূচির মধ্যদিয়ে আন্তর্জাতিক নারী দিবস হিসাবে ঘোষনা করেন।

ভারতীয় নারীরা সমাজে বিভিন্ন ক্ষেত্র, যেমন - দক্ষতা, উচ্চশিক্ষা, জীবিকা, সম্পদ, রাজনৈতিক ক্ষমতা, পরিবার ও সমাজে অবস্থান প্রভৃতি নানান দিক থেকে এখনো পুরুষের তুলনায় অনেকটা পিছিয়ে আছে। এখনো নারী - পুরুষের সমান সুযোগ, অধিকার ও মর্যাদা নিশ্চিত করা সমাজে নারীশিক্ষার প্রধান সমস্যা

নারীরাও সমাজের একটি অংশ, তাদের উন্নতিতে সমাজের উন্নতি ও অগ্রগতি হয়। আমরা দেখেছি যে প্রাচীন ভারতে নারীরা পুরুষের মতো সমান সুযোগ পেত, তাদেরও সমান সম্মান দেওয়া হত। সমাজে নারীর স্থান ছিল সর্বোচ্চ। পরিবারের প্রধান হিসাবে নারীরাও তাদের নেতৃত্বের ভূমিকা আনন্দে গ্রহন করতেন। কিন্তু মধ্যযুগে থেকে নারীর এই ক্ষমতায়ন, অধিকার খর্ব হতে শুরু করে বর্তমানে নারীশিক্ষা অনেকাংশই পিছিয়ে আছে।

▪ মেয়েদের শিখনের সমস্ত প্রকারের সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা করাই হল নারী শিক্ষা। এটি কোনো আলাদা অথবা বিশেষ অথবা স্বতন্ত্র (inclusive) শিক্ষা নয়; নারীর জীবনের মান উন্নত করার লক্ষ্যে সাধারণ এবং বিশেষধর্মী শিক্ষার মধ্যে নারীকে উপযুক্ত সুযোগ সুবিধা প্রদানের ব্যবস্থা হল নারীশিক্ষা।

নারী শিক্ষার উদ্দেশ্য (Objectives of women Education):

নারীশিক্ষার উদ্দেশ্য গুলি হল —

1. বালিকাদের শিক্ষা এবং জীবন বিকাশের পথকে প্রশস্ত করা।

2. বালিকাদের শিক্ষা এবং বিকাশের ক্ষেত্রে গবেষণা কর্মকে অগ্রাধিকার দেওয়া।

3. নারী শিক্ষার চিন্তাধারা এবং পদ্ধতির বিকাশ ঘটানো ও প্রয়োগ করা

4. বালিকা শিক্ষা এবং বিকাশের ক্ষেত্রে পরামর্শদানের পরিষেবা প্রদান করা।

5. বালিকা শিক্ষা এবং বিকাশের ক্ষেত্রে জাতীয় সম্পদ কেন্দ্র হিসাবে কাজ করা।

## নারীশিক্ষার বাধাসমূহ (Constraints of Women Education):

নারীশিক্ষার প্রধান বাধা সমূহ নিম্নে আলোচনা করা হল —

### সামাজিক বাধা (Social constraint):

মানুষ সমাজবদ্ধ জীব। সমাজে পুরুষের যেমন বসবাস করার অধিকার আছে তেমনি নারীদেরও আছে। দুর্ভাগ্যবশত বর্তমান সময়েও মেয়েদের বিভিন্ন ক্ষেত্রে অবহেলা, লাঞ্ছনা, গঞ্জনা, হিংসার সম্মুখীন হতে হয়। শতাব্দীর পর শতাব্দী ধরে মেয়েরা সমাজে নানাভাবে অবহেলিত। সামাজিক রক্ষণশীলতা, বিশেষ করে মুসলমান, অনগ্রসর সম্প্রদায় ও উপজাতির মধ্যে নারী শিক্ষা প্রসারে বাধার সৃষ্টি করে। বাল্যবিবাহ এখনও অনেক জায়গায় ব্যাপকভাবে প্রচলিত। আজও গ্রামগঞ্জে 13-14 বছর বয়সে মেয়েদের বিবাহ দেওয়া হয়। বেশিরভাগ মায়েরা বিশ্বাস করেন মেয়েদের ঘরের কাজে পটু করে বিবাহ দেওয়াই তাঁদের দায়িত্ব। স্কুলে পাঠিয়ে সাক্ষর করা মানে বৃথা সময় এবং অর্থের অপচয় করা।

মেয়েদের শিক্ষাগ্রহন সামাজিক ব্যবস্থাপনা সমাজের সদস্যদের দ্বারাই দিনের পর দিন ক্ষতিগ্রস্ত হচ্ছে। সামাজিক প্রেক্ষাপটে নারী শিক্ষার কিছু বাধা হল —

① রক্ষনশীলতা ও উদাসীনতা :

ভারতীয় সমাজ অনেক বেশি রক্ষনশীল তোঁড়া সনাতনী ধ্যানধারনাতে বিশ্বাসী, পুরুষতান্ত্রিক সমাজ কোনো সময়ই চায়নি মেয়েরা ঘরে বাইরে বেরিয়ে নিজের জীবন উপভোগ করুক, পর্দার বাইরে বেরিয়ে শিক্ষাগ্রহন করুক। বাড়ির একান্ত অন্দর মহল সামলাবে মেয়েরা। তাদের বাইরে বেরোনোর কোনো প্রয়োজনীয়তা আছে বলে মনে করেনা। এখনও এই ভাবনা চিন্তার মানুষ আমাদের সমাজে রয়েছে। সমাজের রক্ষনশীলতা এবং মেয়েদের প্রতি উদাসীনতা নারীশিক্ষাকে অন্ধকারে নিমজ্জিত রেখেছে।

② পিতৃতান্ত্রিকতা :

ভারতীয় সমাজ হল পিতৃতান্ত্রিক। পুরুষশাসিত সমাজে নারীকে প্রতিনিয়ত লাঞ্ছিত হতে হয়। মেয়েদের সুরক্ষা দেওয়ার জন্য বিভিন্ন আইন তৈরী হয়েছে, যেমন- হিন্দু বিবাহ আইন (1955), উত্তরাধিকার আইন (1956), পনপ্রথা বিরোধি আইন (1961) ইত্যাদি। এগুলি খাতা কলমে থেকে গেছে, বাস্তবায়িত হওয়ার সংখ্যা নিতান্ত কম। পিতৃতান্ত্রিকতা নারীশিক্ষার পথকে অনেক বেশি অমসৃন করে তুলেছে।

③ পনপ্রথা :

সমাজের সংক্রামক ব্যাধির অন্য এক ভয়াবহ রুপ হল পনপ্রথা (Dowry system)। আগের গোঁড়া রক্ষনশীল পরিবার থেকে বর্তমানের সুশীল সমাজের তথাকথিত প্রগতিশীল পরিবার পনপ্রথার সঙ্গে যুক্ত।

# গ্রন্থপঞ্জি

1. নারীশিক্ষা

ড. শিশির কুমার চট্টোপাধ্যায়

ড. মধুমালা সেনগুপ্ত

2. ভারতবর্ষে নারী শিক্ষা

ড. অজিত মন্ডল

অনুপ বাগ

3. নারী শিক্ষা

নাফিসা খাতুন

মুদাসসর নাজার বৈদ্য

PRINCIPAL
Dhruba Chand Halder College
P.O.- D. Barasat, P.S.- Jaynagar
South 24 Parganas, Pin- 743372